FEB. 11 2002

দুপচাঁচিয়া জে.কে কলেজ

# ছাত্রদল নেতা-কর্মীদের হাতে শিক্ষক-কর্মচারীরা ২ ঘণ্টা অবরুদ্ধ

**বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** বগুড়ায় এইচএসসি পরীক্ষায় ফ্রি ফরম পূরণ করতে না দেয়ায় ছাত্রদলের নেতাকর্মীরা অধ্যক্ষ ও শিক্ষকদের প্রায় ২ ঘন্টা আটকে রাখে। রোববার দুপুরে দুপচাঁচিয়া জাহানারা-কামরুজ্জামান কলেজে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ওই কলেজের ছাত্রদল নেতা সুমন ও তার সহযোগীরা অধ্যক্ষের কাছে ছাত্রদলের ২০ জন নেতাকর্মীর ফ্রি ফরম পূরণের দাবি জানায়। এতে অধ্যক্ষ অস্বীকৃতি জানালে সুমন ও অন্যরা অধ্যক্ষকে অকথ্য ভাষায় গালিগালাজ করে। এক পর্যায়ে তারা বেলা ১টার দিকে অধ্যক্ষসহ ১২ জন শিক্ষক-কর্মচারীকে একটি কক্ষে তালাবদ্ধ করে রাখে। এ সময় কলেজের কর্মচারী জামাল উদ্দিন থানায় খবর দিতে গেলে ছাত্রদল কর্মীরা তাকে একটি ছাত্রাবাসে আটকে রাখে। এরপর ক্যাম্পাসের বাইরে থাকা কয়েকজন শিক্ষক টের পেয়ে থানায় খবর দেন। পুলিশের উপস্থিতি টের পেয়ে ছাত্রদল নেতাকর্মীরা কলেজ ক্যাম্পাস ত্যাগ করে এবং কর্মচারী জামাল উদ্দিনকে ছেড়ে দেয়। এরপর পুলিশ বেলা ৩টার দিকে তালা ভেঙে অধ্যক্ষসহ অন্যদের উদ্ধার করে। রোববার সন্ধ্যায় এ খবর পাঠানোর সময় থানায় মামলার প্রস্তুতি